

জামায়াতের জনসভায় দেলাওয়ার হোসাইন সাঈদী

শিক্ষা নীতি প্রণয়ন কমিটিতে আলেমদের
কেন অন্তর্ভুক্ত করা হবে না

স্টাফ রিপোর্টার : জামায়াত নেতা মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী রাজশাহীর ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবী করেছেন। তিনি জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন কমিটিতে এদেশের প্রখ্যাত আলেম-ওলামাদেরকে কেন অন্তর্ভুক্ত করা হল না সরকারের নিকট তার জবাব চান। রাজশাহীতে পুলিশের নির্যাতনের প্রতিবাদে গ্রেফতারকৃত সকল নেতা-কর্মীদের মুক্তি এবং নেতৃবৃন্দের বিরুদ্ধে মিথ্যা মামলা তুলে নেয়ার দাবীতে জামায়াতে ইসলামী বাংলাদেশ ঢাকা মহানগর-এর উদ্যোগে মঙ্গলবার বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেটের সড়কে আয়োজিত উক্ত সমাবেশে প্রধান অতিথির ভাষণে মাওলানা সাঈদী একথা বলেন। জামায়াত মহানগরের আমীর জনাব এ টি এম আজহারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে

বক্তব্য রাখেন কেন্দ্রীয় সহকারী সেক্রেটারী জেনারেল জনাব কামারুজ্জামান, প্রচার সম্পাদক জনাব আবদুল কাদের মোল্লা, মহানগর সেক্রেটারী জসিম উদ্দিন সরকার, সহকারী সেক্রেটারী সাইফুল আলম খান মিলন ও ডাঃ আবদুল্লাহ মোহাম্মদ তাহের। মাওলানা সাঈদী বলেন, আওয়ামী লীগ সরকার অতীতের ভুলের জন্য ক্ষমা চেয়ে জনগণের সাথে প্রত্যারণা করে ক্ষমতায় এসে পূর্বের ন্যায় ইসলামকে মুছে ফেলার কার্যক্রম চালাচ্ছে। ইসলামী শিক্ষাবর্জিত জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন কমিটিতে দেশের প্রখ্যাত আলেম-ওলামাদের অন্তর্ভুক্ত না করে ডঃ আসগরের মত নাস্তিক-মুরতাদদের অন্তর্ভুক্ত করা হয়েছে। ডঃ আসগর রাসূল (সাঃ)-কে সন্তানী বলে এ দেশের ১২ কোটি মুসলমানের অন্তরে ১১-এর পূঃ ৩-এর কঃ দেখুন

জামায়াতের জনসভা

প্রথম পৃষ্ঠার পর

যে আঘাত দিয়েছে সরকার এ বিষয়ে টু-শব্দ না করে প্রমাণ করেছে, আসগরের কথাই সরকারের কথা। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ঘটনার বিচার বিভাগীয় তদন্ত ও গ্রেফতারকৃতদের নিঃশর্ত মুক্তি দাবী করে বলেন, রাজশাহীতে সরকারী সন্ত্রাস, গ্রেফতার, নির্যাতন অব্যাহত থাকলে বৃহত্তর আন্দোলনের ডাক দেয়া হবে, যা স্তব্ধ করার ক্ষমতা সরকারের থাকবে না। তিনি বলেন, সরকার জনগণের ভোটে ক্ষমতায় এসে জনগণের সুবিধার কথা চিন্তা না করে ভারতকে সুবিধা দেয়ার কাজে ব্যস্ত। তিনি বলেন, বর্তমান সরকারের এবারের বাজেট নিকটতম বাজেট। এ বাজেট গরীব মারার বাজেট। তিনি সকল ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কথা উল্লেখ করে বলেন, আল্লাহকে ভয় করে জনগণের জন্য কাজ না করলে তখতে-তাউস ডেডে যাবে। জনাব কামারুজ্জামান বলেন, পার্লামেন্ট বাদ দিয়ে সরকার কাশিমবাজার কুটির নির্দেশ বাস্তবায়ন করছেন। দেশকে আজ শূন্যের কোঠায় নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হচ্ছে। ভারতের দালালদের দ্বারা কোটি কোটি টাকার গ্যাস পোড়ানোর ব্যবস্থা হচ্ছে। সভাপতির ভাষণে আজহারুল ইসলাম বলেন, ৭১-এর স্বাধীনতার পর সাড়ে তিন বছর আওয়ামী লীগ ইসলাম ও গণতন্ত্রের সাথে যে আচরণ করেছিল তার পরিপ্রেক্ষিতে তাদের উপর আল্লাহর গজব নাজিল হয়েছিল। আওয়ামী লীগ আবার অতীতের মত কার্যক্রম শুরু করেছে। তিনি এই সরকারের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার আহবান জানান।